



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address : Swairbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১২ জুলাই ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

**পার্বত্য চট্টগ্রামে অব্যাহত ভূমি বেদখলের প্রতিবাদে**

**রাঙামাটির কাউখালী, কুতুকছড়ি ও নানিয়াচরে ইউপিডিএফের বিক্ষোভ সমাবেশ**

পার্বত্য চট্টগ্রামে অব্যাহত ভূমি বেদখলের প্রতিবাদে এবং বেদখলকৃত ভূমি ফিরিয়ে দেয়া ও প্রথাগত ভূমি আইনের স্বীকৃতির দাবিতে রাঙামাটির কাউখালী, কুতুকছড়ি ও নানিয়াচরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ রবিবার (১২ জুলাই ২০২০) ইউপিডিএফের স্থানীয় ইউনিটসমূহ এই বিক্ষোভ কর্মসূচির আয়োজন করে।

আজ দুপুর সাড়ে ১২টায় জেলার কাউখালীতে ইউপিডিএফের স্থানীয় ইউনিটের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। মিছিল পরবর্তী অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ইউপিডিএফের কাউখালী ইউনিটের সংগঠক বাবলু চাকমা ও তারেক মারমা, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদ কাউখালি থানা শাখার সহ সভাপতি সুমন চাকমা ও হিল উইমেন্স ফেডারেশন কেন্দ্রীয় কমিটির দপ্তর সম্পাদক নীতিশোভা চাকমা।

অপরদিকে রাঙামাটি সদর উপজেলার কুতুকছড়িতে সকাল ১১টার সময় বৃষ্টি উপেক্ষা করে সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে ইউপিডিএফের রাঙামাটি সদর ইউনিটের সংগঠক মন্টো চাকমার সভাপতিত্বে ও সাজেক চাকমার সঞ্চালনায় বক্তব্য রাখেন, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদের রাঙামাটি জেলার ভারপ্রাপ্ত সভাপতি নিকন চাকমা ও এলাকার কার্বারী ভদ্র চাকমা প্রমুখ।

একই কর্মসূচির অংশ হিসেবে জেলার নানিয়াচরেও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বিবেক চাকমার সঞ্চালনায় ও ইউপিডিএফের নানিয়াচর ইউনিটের সংগঠক গিরি চাকমার সভাপতিত্বে বক্তব্য রাখেন, গণতান্ত্রিক যুব ফোরামের উপজেলা সাংগঠনিক সম্পাদক প্রিয়তন চাকমা, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদের রাংগামাটি জেলার শাখার সহসভাপতি নেপচুন চাকমা ও এলাকার বিশিষ্ট মুরুব্বী মুক্তরঞ্জন চাকমা প্রমুখ।

পৃথকভাবে অনুষ্ঠিত এসব সমাবেশে বক্তারা অভিযোগ করে বলেন, পার্বত্য চট্টগ্রামে পাহাড়ি জাতিসত্তাগুলোর অস্তিত্ব বিপন্ন করে দিতে শাসকগোষ্ঠী নানা ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে। এর মধ্যে অন্যতম হচ্ছে ভূমি বেদখল। সেই আশির দশকে বাঙালি সেটলারদের পরিকল্পিতভাবে পার্বত্য চট্টগ্রামে অনুপ্রবেশ ঘটিয়ে যে ভূমি বেদখল কার্যক্রম শুরু করা হয়েছিল তা আজও অব্যাহত রয়েছে।

বক্তারা আরো বলেন, করোনা মহামারির মধ্যেও পার্বত্য চট্টগ্রামে একের পর এক ভূমি জবরদখলের ঘটনা ঘটছে। ইতিমধ্যে তিন পার্বত্য জেলার মধ্যে লংগদু, গুইমারা, রামগড়, নাইক্ষ্যংছড়ি, লামাসহ বিভিন্ন জায়গায় বাঙালি সেটলার কর্তৃক এবং সেনা-বিজিবি ক্যাম্প স্থাপনের নামে ভূমি জবরদখল করা হয়েছে এবং জবরদখলের চেষ্টা

অব্যাহত রয়েছে। কথিত উন্নয়ন ও পর্যটনের নামেও হাজার হাজার একর ভূমি জবরদখল করে পাহাড়ীদের উচ্ছেদ করা হচ্ছে।

সরকার জাতিগত দমন পীড়ন জারি রেখে মানবাধিকার লঙ্ঘন করছে অভিযোগ করে বক্তারা বলেন, গত শুক্রবার বান্দরবানের রোয়াংছড়িতে সেনাবাহিনী গুলি চালিয়ে শান্তি লতা তঞ্চঙ্গ্যা নামে এক নারীকে হত্যা ও তার ৪ বছর বয়সী শিশু সন্তান আহত করেছে। শুধু তাই নয়, একটি সশস্ত্র সন্ত্রাসী গোষ্ঠীকে প্রত্যক্ষ মদদ দিয়ে প্রতিনিয়ত খুন, গুম, অপহরণসহ নানা সন্ত্রাসী কার্যক্রম চালিয়ে অরাজক পরিস্থিতি জিইয়ে রাখা হয়েছে। আর অন্যায় ধরপাকড়, নির্যাতন, মিথ্যা মামলা দিয়ে হয়রানির মতো ঘটনাতো প্রতিনিয়ত ঘটেই চলেছে।

সমাবেশ থেকে বক্তারা পাহাড়ীদের প্রথাগত ভূমি আইনের সাংবিধানিক স্বীকৃতি দিয়ে বেদখল হওয়া ভূমি ফেরত দেয়া, ভূমি বেদখল বন্ধ করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা, অন্যায় ধরপাকড়সহ ইউপিডিএফের ওপর রাজনৈতিক দমন-পীড়ন বন্ধ করা এবং মিথ্যা মামলা প্রত্যাহার করে আটক ইউপিডিএফ নেতা-কর্মী-সমর্থকদের নিঃশর্ত মুক্তি দেয়ার দাবি জানান।

একই সাথে বক্তারা একটি চিহ্নিত সন্ত্রাসী গোষ্ঠীকে মদদদান বন্ধ করে পার্বত্য চট্টগ্রামে শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করারও দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস্ ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)